

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 26-11-2025**

**Time : 7-50 P.M.**

**DEO : KB**

**Desk in Charge : Kalyan L.**

**Compiling : Sudip Basu**

**NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর:-**

১/ ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধন ইস্যুতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে 'BLO অধিকার রক্ষা মঞ্চের' অবস্থান বিক্ষোভের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, কলকাতা পুলিশের কাছে রিপোর্ট তলব করেছে।

২/ SIR-এর কাজের জন্য রাজ্যের তিন আমলাকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে অস্থায়ীভাবে নিয়োগ করেছে নির্বাচন কমিশন।

৩/ স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ প্রক্রিয়ায় কোনো অযোগ্য চিহ্নিত প্রার্থী যাতে না থাকে, তা' নিশ্চিত করতে বলেছে সুপ্রিম কোর্ট। #এ'সংক্রান্ত যাবতীয় মামলা ফেরত পাঠানো হয়েছে কলকাতা হাইকোর্টে।

৪/ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে।

৫/ বারাসাত মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে মৃতদেহের চোখ উধাও হয়ে যাওয়ার ঘটনায় রাজ্য স্বাস্থ্য দপ্তর তদন্ত কমিটি গঠন করেছে।

৬/ সারা দেশের সঙ্গে আজ এ রাজ্যেও শুরু হয়েছে ব্যাঘ্র সুমারির কাজ।

\*\*\*\*\*

এসআইআর ইস্যুতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে BLO অধিকার রক্ষা মঞ্চের অবস্থান বিক্ষোভের প্রেক্ষিতে, নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন নির্বাচন কমিশন, কলকাতা পুলিশের কাছ থেকে রিপোর্ট তলব করেছে। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মাকে চিঠি পাঠিয়ে কমিশন স্পষ্ট জানিয়েছে, সিইও-র দফতরে যে পর্যায়ের নিরাপত্তা থাকা উচিত ছিল, তা স্পষ্টতই অপ্রতুল। ফলে দফতরের সমস্ত কর্মী আধিকারিকের নিরাপত্তা ঝুঁকির মুখে পড়তে পারে। কমিশনের এও দাবি, ঘটনার গুরুত্ব এতটাই বেশি যে তা ইতিমধ্যেই সংবাদমাধ্যমে তা আলোচনার কেন্দ্রে। তাই পরিস্থিতিতে হালকাভাবে নেওয়ার কোনও সুযোগ নেই। দুদিন অর্থাৎ ৪৮ ঘণ্টার মধ্যে এবিষয়ে ব্যবস্থা গ্রহণ করে তার অ্যাকশন টেকেন রিপোর্ট জমা দিতে কমিশন, কলকাতা পুলিশ কমিশনারকে নির্দেশ দিয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের কাজের জন্য নির্বাচন কমিশন রাজ্যের তিন আমলাকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে অস্থায়ীভাবে নিয়োগ করেছে। এই তিন আধিকারিক হলেন, প্রধান সচিব পদমর্যাদার আধিকারিক বিসি পাত্র, সচিব পর্যায়ের আধিকারিক সৌমজিৎ ঘোষ, এবং অবর সচিব বিভোর আগরওয়াল। এই তিন আধিকারিক রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনে কাজ করবেন বলে নির্বাচন কমিশন এক নির্দেশিকায় জানিয়েছে।

\*\*\*\*\*

ভারতের অভিন্ন আধার পরিচয়পত্র প্রদান কর্তৃপক্ষ UIDAI, আধার তথ্য আরো নির্ভুল রাখতে দেশব্যাপী উদ্যোগের অঙ্গ হিসেবে দু কোটির বেশী মৃত ব্যক্তির আধার নম্বর নিষ্ক্রিয় করেছে। বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রক জানিয়েছে, রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের রেজিস্ট্রার জেনারেলের কাছ থেকে এ'সংক্রান্ত তথ্য মিলেছে। এখনো পর্যন্ত কখনোই কোনো একজনের আধার নম্বর, অন্য কোনো ব্যক্তিকে দেওয়া হয়নি বলেও জানানো হয়েছে।

পরিবারের কোনো সদস্যের মৃত্যু হলে তাঁর বিস্তারিত বিবরণ যাতে পোর্টালে আপলোড করা হয়, তাও সুনিশ্চিত করার আহ্বান জানিয়েছে মন্ত্রক।

\*\*\*\*\*

অনুপ্রবেশকারী ও বহিরাগত ভোটারদের তালিকায় রাখতে তৃণমূল কংগ্রেসের নেতারা BLO-দের চাপ দিচ্ছেন বলে অভিযোগ তুলে আজ উত্তর ২৪ পরগণার সন্দেশখালির দু-নম্বর ব্লক অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি। দলের নেতা বিকাশ সিং অভিযোগ করেন, বিধায়ক সুকুমার মাহাতোর নির্দেশ মতো BLO-রা পাড়ায় পাড়ায় গিয়ে কাজ করছেন। অবিলম্বে তা' বন্ধ না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলেও জানিয়েছেন তিনি।

\*\*\*\*\*

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালে চাকরী বাতিলের পর ২০২৫ সালে নতুন পরীক্ষা সংক্রান্ত যাবতীয় মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠালো সুপ্রিম কোর্ট। বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি অলোক আরাধের বেঞ্চ এক পর্যবেক্ষণে জানিয়েছে, চাকরি বাতিলের নতুন পরীক্ষাকে কেন্দ্র করে যে জটিলতার সৃষ্টি হয়েছে, তার জন্য স্কুল সার্ভিস কমিশন'ই দায়ী। টেনেড কোনো প্রার্থীকে যাতে কোনোভাবেই নতুন পরীক্ষায় বসতে দেওয়া না হয়, তা নিশ্চিত করতে বলেছে শীর্ষ আদালত। এ বিষয়ে আইনজীবী ফিরদৌস শামিম বলেন-

( বাইট- শামিম )

অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়া সহ পরীক্ষাকে কেন্দ্র করে অন্যান্য যত মামলা শীর্ষ আদালতে দায়ের হয়েছে, তা কলকাতা হাইকোর্টকে শুনতে নির্দেশ দিয়েছে বেঞ্চ।

উল্লেখ্য আগামী ২৮ শে নভেম্বর হাইকোর্টে এই মামলার শুনানি রয়েছে।

\*\*\*\*\*

পুরোনো শ্রম আইন সরলীকরণ এবং সংস্কারের লক্ষ্যে সম্প্রতি কেন্দ্রীয় সরকার নতুন চারটি শ্রম কোড কার্যকর কথা ঘোষণা করেছে।

আসানসোলে কর্মরত কেন্দ্রীয় ডেপুটি চিফ লেবার কমিশনার কানহু চরণ সাহু আমাদের প্রতিনিধি কাশফিন নাহারকে জানিয়েছেন, নতুন এই শ্রম কোড সংগঠিত এবং অসংগঠিত দুই ক্ষেত্রের শ্রমিকদেরই সামাজিক সুরক্ষা নিশ্চিত করবে।

( বাইট- কানহু চরণ সাহু )

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুঙ্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান – হামারা স্বভিমান অর্থাৎ, আমাদের

সংবিধান-আমাদের গর্ব। এই উপলক্ষে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংবিধানের Preamble বা প্রস্তাবনা পাঠ করে মূল অনুষ্ঠানের সূচনা করেন।

সংবিধান দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ঐতিহাসিক এই দিনটিকে স্মরণ করে দেশবাসীকে খোলা চিঠি লিখেছেন। দেশের অগ্রগতিতে সংবিধানের ভূমিকার ওপর আলোকপাত করেন প্রধানমন্ত্রী। তিনি লিখেছেন, পবিত্র এই নথিকে সম্মান জানাতে ২০১৫ সালে সরকার ২৬শে ডিসেম্বর দিনটিকে সংবিধান দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এক উন্নত ও বিকশিত ভারত গড়ে তুলতে নিজেদের কর্তব্যকে সর্বাঙ্গে প্রাধান্য দেওয়ার আহ্বান জানান শ্রী মোদী। ভোটাধিকার সুনিশ্চিত করে দেশের গণতন্ত্রকে শক্তিশালী করার আবেদনও জানিয়েছেন তিনি।

রাজ্যেও সংবিধান দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হচ্ছে। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, সংবিধান দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, সংবিধান ভারতকে একটি সার্বভৌম গণতান্ত্রিক সাধারণতন্ত্রের উত্তোরণের পথে এগিয়ে দিয়েছে।

বিধানসভা ভবনে সংবিধানের মুখ্য প্রণেতা ডক্টর ভীমরাও আম্বেদকারের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই উপলক্ষে ডক্টর বি আর আম্বেদকার ও সংবিধানের অন্য রচয়িতাদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। ময়দানে বি আর আম্বেদকারের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলের এক বার্তায় সংবিধান দিবসে সকলকে শুভেচ্ছা জানান।

\*\*\*\*\*

সংবিধান দিবস উপলক্ষে সংবিধানের মৌলিক অধিকার সম্পর্কে কলেজ পড়ুয়াদের অবহিত করতে দক্ষিণেশ্বরের হীরালাল মজুমদার মেমোরিয়াল কলেজে দুদিন ব্যাপী কমিউনিকেশন ও আউটরিচ প্রোগ্রামের আজই ছিল শেষদিন। সেন্ট্রাল ব্যুরো অফ

কমিউনিকেশন কলকাতার আঞ্চলিক কার্যালয় , চুঁচুড়া শাখা ও হীরালাল মজুমদার মেমোরিয়াল কলেজ ফর উইমেন এবং গভর্নমেন্ট গার্লস ডিগ্রি কলেজ-একবালপুরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানে আজ সংবিধানের উপর বিশেষ আলোচনা, কুইজ প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হয়। জাতীয় স্তোত্র বন্দেমাতরমের দেড়শো বছর পূর্তি উপলক্ষ্যে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান । উপস্থিত ছিলেন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, কলকাতার আঞ্চলিক কার্যালয়ের সহ অধিকর্তা সুমিতা চক্রবর্তী, কলেজের অধ্যক্ষা ডক্টর সোমা ঘোষ প্রমুখ।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বেশ কিছু সরকারি ও দলীয় কর্মসূচী নিয়ে আগামী মাসের শুরুতেই উত্তর ও দক্ষিণ বঙ্গের বেশ কয়েকটি জেলায় যাচ্ছেন। তিন তারিখে তিনি মালদার গাজোল ও চার তারিখে মুর্শিদাবাদের বহরমপুরে দুটি প্রশাসনিক সভায় অংশ নেবেন।

\*\*\*\*\*

বারাসাত মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে মৃতদেহের চোখ উধাও হয়ে যাওয়ার ঘটনায় রাজ্য স্বাস্থ্য দপ্তর তদন্ত কমিটি গঠন করেছে।

সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের সুপারের নেতৃত্বে গঠিত এই কমিটিকে বিস্তারিত তদন্ত করে দ্রুততার সঙ্গে সেই রিপোর্ট স্বাস্থ্য দপ্তরে জমা দিতে বলা হয়েছে।

\*\*\*\*\*

দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যাকে হত্যার ঘটনায় জলপাইগুড়ির রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনকে আগাম জামিন মঞ্জুর করেছে বারাসাত আদালত। এদিন আদালতে ওই বিডিও-র থ্রেপারি প্রয়োজন বলে সওয়াল করেন সরকারি আইনজীবী। শুনানি শেষে বিচারক প্রশান্ত বর্মণের আগাম জামিন মঞ্জুর করেন।

উল্লেখ্য, এই ঘটনায় আগেই চারজনকে থ্রেপারি করেছে পুলিশ। তার মধ্যে ওই বিডিও-র গাড়ির চালক ও ঘনিষ্ঠ বন্ধু রয়েছে।

\*\*\*\*\*

সারা দেশের সঙ্গে এ রাজ্যেও আজ বাঘ সুমারি শুরু হয়েছে। এজন্য দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগের অধীন সুন্দরবনে ক্যামেরা বসানোর কাজ শুরু হয় গতকালই। ৩০-শে নভেম্বর পর্যন্ত এই ক্যামেরা বসানো হবে। এবারের গণনার কাজে ব্যবহার করা হবে ১৬০ জোড়া ক্যামেরা।

\*\*\*\*\*

রাজ্যে আগামী ২৪ ঘন্টায় শীতের আমেজ একইরকম থাকলেও সর্বনিম্ন তাপমাত্রা ফের দুই থেকে তিন ডিগ্রি বাড়ার সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামী এক সপ্তাহ রাজ্যে আবহাওয়া প্রধানত শুষ্কই থাকবে।

( বাইট- সৌরিশ )

\*\*\*\*\*

হায়দ্রাবাদের উল্লে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে বাংলা বরোদাকে হারিয়ে দিয়েছে। টসে জিতে বাংলা বরোদাকে প্রথমে ব্যাট করতে পাঠায়। বরোদা বাংলার সামনে জয়ের জন্য ১৮২ রানের লক্ষ্যমাত্রা রাখে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে, বাংলা চার উইকেটে ১৮২ রান করেছে।

\*\*\*\*\*